



## চরফ্যাশনে সন্তানদের জিম্মি করে গৃহবধূকে ধর্ষণের অভিযোগ



সংগৃহীত ছবি

ভোলার চরফ্যাশনে তিন সন্তানের জননী এক নারীর বাড়িতে ঢুকে নগদ অর্থ ও স্বর্ণালংকার লুটের পর তাকে সংঘবদ্ধভাবে ধর্ষণের অভিযোগ উঠেছে। এ ঘটনায় তিন যুবকের নাম উল্লেখ করে থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে।

মঙ্গলবার গভীর রাতে উপজেলার আবদুল্লাহপুর ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ডে এ ঘটনা ঘটে। শুক্রবার সন্ধ্যায় ভুক্তভোগী নারী চরফ্যাশন থানায় অভিযোগ জমা দেন।

অভিযোগে বলা হয়, ঘটনার দিন তিনি জমি কেনার উদ্দেশ্যে ব্যাংক থেকে চার লাখ টাকা তুলে বাড়ি ফেরেন। রাতের কোনো এক সময় তিনজন ব্যক্তি ঘরে প্রবেশ করে তার হাত-মুখ বেঁধে ফেলে। ঘরে থাকা চার লাখ টাকা ও প্রায় দুই ভরি স্বর্ণালংকারসহ মূল্যবান জিনিসপত্র নিয়ে যায় তারা। এরপর শিশু সন্তানদের অস্ত্রের মুখে জিম্মি করে আলাদা কক্ষে আটকে রেখে তাকে শয়নকক্ষে নিয়ে ধর্ষণ করা হয় বলে অভিযোগ।

শিশুদের চিৎকারে অভিযুক্তরা পালিয়ে গেলে পরিবারের সদস্যরা তাকে উদ্ধার করেন।

অভিযুক্তদের একজন নূর করিম দাবি করেছেন, তার সঙ্গে অভিযোগকারীদের পূর্ব বিরোধ রয়েছে এবং তিনি এ ঘটনার সঙ্গে জড়িত নন।

চরফ্যাশন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক চিকিৎসা কর্মকর্তা মাখলুকুর রহমান জানান, নির্যাতনের শিকার এক নারী হাসপাতালে চিকিৎসা নিয়েছেন এবং বিষয়টি পুলিশকে অবহিত করা হয়েছে।

চরফ্যাশন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জাহাঙ্গীর বাদশা বলেন, লিখিত অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু হয়েছে। প্রমাণ সাপেক্ষে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।